



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.rhd.gov.bd



স্মারক নং- ৩৫.০১.০০০০.৩৬৮.০৫.০০৩.২১-৩৭১

তারিখ- ১৫/১২/২০২১ খ্রিঃ

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের
নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের ৩য় সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ মোঃ রেজাউল করিম
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
ও সদস্য সচিব, সওজ নৈতিকতা কমিটি।

তারিখ ও সময়ঃ ০৯/১২/২০২১ খ্রিস্টাব্দ
সকাল ১১:০০ ঘটিকা

স্থানঃ Online এ Zoom Meeting এর মাধ্যমে।

অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং ও সদস্য সচিব, সওজ নৈতিকতা কমিটি ও সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় সড়ক ও জনপথ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ ভুক্ত কার্যক্রম সমূহের অগ্রগতি পর্যালোচনাপূর্বক ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার ব্যাপারে আহ্বান জানান।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ ভুক্ত কার্যক্রম নং-১.১ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, নৈতিকতা কমিটির সভা আজকে সম্পন্ন করা হচ্ছে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ ভুক্ত কার্যক্রম নং-১.২ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সময়ের মধ্যে নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হবে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ ভুক্ত কার্যক্রম নং- ১.৩, বিগত ০১/১২/২০২১ খ্রি তারিখে সম্পন্ন করা হয়েছে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ ভুক্ত কার্যক্রম নং-১.৪ এর বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ প্রশিক্ষণ কেন্দ্র জানান, নথি ব্যবস্থাপনা (সচিবালয় নির্দেশমালা-২০১৪) সংক্রান্ত প্রশিক্ষণটি ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। তিনি আরো জানান যে, সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপিল বিধিমালা-২০১৮ সংক্রান্ত প্রশিক্ষণটি অদ্য সম্পন্ন করা হচ্ছে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ ভুক্ত কার্যক্রম নং-১.৫ এর বিষয়ে নির্বাহী প্রকৌশলী, তদন্ত বিভাগ জানান অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের (মাস্ক পরিধান, হ্যান্ড সেনিটাইজারিং ব্যবস্থা, সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা, ওয়াশ রুম পরিচ্ছন্ন থাকা) সংক্রান্ত পরিবীক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী ২ (দুই) টি সম্পন্ন করা হয়েছে এবং অবশিষ্ট ১ (এক) টি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হবে।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ ভুক্ত কার্যক্রম নং-১.৭ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
- ৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, টেকনিক্যাল সার্ভিসেস উইং, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৭। পরিচালক (তঃপ্রঃ, সওজ), সড়ক গবেষণাগার, পাইকপাড়া, মিরপুর, ঢাকা।
- ৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, মনিটরিং সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রকিউরমেন্ট সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষণাবেক্ষণ সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশিক্ষন কেন্দ্র, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। কার্য বিবরণীটি RHD Website-এর জাতীয় শুদ্ধাচার বাতায়নে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১৩। এস্টেট এন্ড ল' অফিসার, প্রধান কার্যালয়, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ১৪। নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ১৫। নির্বাহী প্রকৌশলী, সওজ, তদন্ত বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

 